



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
সরকারি কলেজ শাখা-২
www.dshe.gov.bd
ঢাকা



নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০১.২০.২৩৮

তারিখ: ১ চৈত্র ১৪২৭
১৫ মার্চ ২০২১

অফিস আদেশ

রাজশাহী সরকারি সিটি কলেজ, রাজশাহী-এর উপাধ্যক্ষ প্রফেসর ড. আ.ন.ম আল মামুন চৌধুরী (আইডি: ৪৭১৯) মাধ্যমিক উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের ২৮/০২/২০২১ তারিখের ৩৭.০০.০০০০.০৬৭.০২. ০০৩.২০১৭-৬৫ সংখ্যক প্রজ্ঞাপন মোতাবেক পদায়নজনিত কারণে ০২/০৩/২০২১ তারিখে কলেজের দায়িত্বভার গ্রহণ করেন এবং কলেজে অধ্যক্ষের পদ শূন্য থাকায় বিধি মোতাবেক আর্থিক ক্ষমতা প্রদানের জন্য আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে কলেজের কর্মচারীদের বেতনভাতাদি ও জরুরী কার্যাদি সম্পন্ন করার লক্ষ্যে উপাধ্যক্ষ প্রফেসর ড. আ.ন.ম আল মামুন চৌধুরী (আইডি: ৪৭১৯)-কে দায়িত্বভার গ্রহণের তারিখ হতে সাময়িকভাবে আর্থিক ক্ষমতা প্রদান করা হলো।

২. কলেজের কার্যাদি সম্পাদনের জন্য তাঁকে প্রতিষ্ঠানিক বেতন-ভাতা ও সম্মানীসহ আনুষঙ্গিক বিলসমূহ স্বাক্ষরদানের ক্ষমতা ট্রেজারী ও সাবসিডিয়ারী আইনের এসআরও/৯৬ ভিলিয়ম-১ ধারা মোতাবেক সাময়িকভাবে প্রদান করা হলো।
- ৩। উল্লেখ্য যে, আর্থিক ক্ষমতা থাকাকালীন সময়ে যে কোন প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনি দায়ী থাকবেন। তাঁকে নির্দিষ্ট রেজিস্ট্রারে যথাযথভাবে হিসাব সংরক্ষণ করতে হবে। তিনি এর জন্য কোন দায়িত্ব ভাতা প্রাপ্য হবেন না।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১৫-৩-২০২১

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক

নম্বর: ৩৭.০২.০০০০.১০৪.৩০.০০১.২০.২৩৮/১

তারিখ: ১ চৈত্র ১৪২৭
১৫ মার্চ ২০২১

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা;
- ২) পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৩) উপপরিচালক (কলেজ-১), সরকারি কলেজ শাখা-১, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর;
- ৪) প্রফেসর ড. আ.ন.ম আল মামুন চৌধুরী (আইডি: ৪৭১৯), রাজশাহী সরকারি সিটি কলেজ, রাজশাহী;
- ৫) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন ঢাকা;
- ৬) বিভাগীয়/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,

৭) সংরক্ষণ নথি।



১৫-৩-২০২১

মোহাম্মদ দেলোয়ার হোসেন

সহকারী পরিচালক